# খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

## নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | অধ্যাপক<br>৫৬৫০০-৭৪৪০০/-<br>(গ্রেড-৩) | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশিস্নষ্ট বিষয়ে পিএইচ.ডি./সমমান ডিগিসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ের কৃষি সংশিস্নষ্ট অনুষদ হতে ১ম শ্রেণির স্নাতক/স্নাতক (সম্মান)/ডিভিএম/ বিএসসি ভেট সায়েন্স অ্যান্ড এএইচ ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশিস্নষ্ট বিষয়ে সমমানের স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপড়ো বার (১২) বছরের শিড়াকতার অভিজ্ঞতার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে পাঁচ (০৫) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) স্বীকৃত জার্নালে First Author হিসেবে পাঁচ (০৫)টি প্রকাশনাসহ মোট বার (১২) টি গবেষণা প্রকাশনার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম তিন (০৩) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।<br>ঘ) কৃষি সংশিস্নষ্ট বিষয়ে প্রার্থাকে অবশ্যই কৃষিবিদ হতে হবে। তবে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের বিভাগ সমূহে সংশিস্নষ্ট প্রার্থীর বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>ঙ) বয়স : সর্বোচ্চ ৫০ বছর।<br>অথবা<br>ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশিস্নষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রিসহ কৃষি সংশিস্নষ্ট অনুষদ হতে ১ম শ্রেণির স্নাতক/ ডিভিএম ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশিস্নষ্ট বিষয়ে সমমানের স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশিস্নষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিসহ সরকারি/স্বায়ত্ত্বশাসিত/কৃষি সংশিস্নষ্ট গবেষণা প্রতিষ্ঠানে বিশ (২০) বছরের গবেষণার বাস্ত্মব অভিজ্ঞতার মধ্যে প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার (PSO)/সমমান পদে পাঁচ (০৫) বছর গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) স্বীকৃত জার্নালে পাঁচ (০৫) টি First Author হিসেবে মোট বার (১২) টি গবেষণা প্রকাশনার মধ্যে (PSO)/সমমান পদে কর্মরত অবস্থায় ন্যূনতম তিন (০৩) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।<br>ঘ) কৃষি সংশিস্নষ্ট বিষয়ে প্রার্থীকে অবশ্যই কৃষিবিদ হতে হবে। তবে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের বিভাগ সমূহে সংশিস্নষ্ট প্রার্থীর বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>ঙ) বয়স : সর্বোচ্চ ৫০ বছর।<br>অথবা<br>ক) পিএইচডি অথবা সমমান ডিগ্রি না থাকলে বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপড়ো চৌদ্দ (১৪) বছরের শিড়াকতার অভিজ্ঞতার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ছয় (০৬) বছরের শিড়াকতার বাস্ত্মব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) স্বীকৃত জার্নালে পাঁচ (০৫) টি First Author হিসেবে মোট তের (১৩) টি গবেষণা প্রকাশনার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম পাঁচ (০৫) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।<br>গ) কৃষি সংশিস্নষ্ট বিষয়ে প্রার্থীকে অবশ্যই কৃষিবিদ হতে হবে। তবে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের বিভাগ সমূহে সংশিস্নষ্ট প্রার্থীর বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>ঘ) বয়স : সর্বোচ্চ ৫০ বছর। |
| ০২ | সহকারী অধ্যাপক<br>৩৫৫০০-৬৭০১০/-<br>(গ্রেড-৬) | ক) অত্র বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত সকল শিড়াগত যোগ্যতা থাকতে হবে।<br>খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশিস্নষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রি থাকতে হবে।<br>অথবা, সংশিস্নষ্ট বিষয়ে এমএস/এমএসসি/এমফিল ডিগ্রিসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে দুই (০২) বছরের শিড়াকতার বাস্ত্মব অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা ,সরকারি/স্বায়ত্ত্বশাসিত/কৃষি সংশিস্নষ্ট গবেষণা প্রতিষ্ঠানে চার (০৪) বছরের চাকরির বাস্ত্মব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) স্বীকৃত জার্নালে First Author হিসেবে এক (০১) টি প্রকাশনাসহ ন্যূনতম দুই (০২) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।<br>ঘ) কৃষি সংশিস্নষ্ট বিষয়ে প্রার্থীকে অবশ্যই কৃষিবিদ হতে হবে। তবে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের বিভাগ সমূহে সংশিস্নষ্ট প্রার্থীর বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>ঙ) সহকারী অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ড়োত্রে বিদেশী জার্নালে ২টি প্রকাশনা থাকলে, পিএইচ.ডি. ডিগ্রিধারীদের ড়োত্রে স্নাতক/এমএস/এমএসসি/এমফিল-এর যে কোনো ১টি পর্যায়ে শিড়াগত যোগ্যতা/বয়স শিথিল করা যেতে পারে। |

| | | |
|---|---|---|
| | | চ) বয়স : সর্বোচ্চ ৪০ বছর। |
| ০৩ | পিএস টু ভিসি<br>২৯০০০-৬৩৪১০/-<br>(গ্রেড-৭) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি। তবে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে শাখা কর্মকর্তা/সমমান পদ অথবা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক পদে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ৪(চার) বছর চাকরির অভিজ্ঞতা। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। পিএ টু ভিসি/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পিও হিসেবে দায়িত্বপালনে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসনিক পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক জ্ঞানসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঙ) বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর। |
| ০৪ | প্রভাষক<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | **টেকনিক্যাল :**<br>ক) অত্র বিশ্ববিদ্যালয়ের সংশিস্নষ্ট অনুষদ অথবা অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশিস্নষ্ট বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান)/ ডিভিএম/বি.এসসি. ভেট. সায়েন্স অ্যান্ড এ.এইচ ডিগ্রিসহ স্নাতক পর্যায়ে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।  তবে, প্রকৌশল বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে<br>খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.০০ থাকতে হবে।<br>গ) সংশিস্নষ্ট বিষয়ে এমএস/এমএসসি/ এমফিল/ পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ)  কৃষি সংশিস্নষ্ট বিষয়ে প্রার্থীকে অবশ্যই কৃষিবিদ হতে হবে। তবে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের বিভাগ সমূহে সংশিস্নষ্ট প্রার্থীর বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>ঙ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর।<br>**নন-টেকনিক্যাল :**<br>(ক) অত্র বিশ্ববিদ্যালয়ের সংশিস্নষ্ট অনুষদ অথবা অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশিস্নষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে ন্যূনতম ৩.০০ থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.০০ থাকতে হবে।<br>(গ) সংশিস্নষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>(ঘ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ০৫ | শাখা কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা খুলনা কৃষি/ অনুরূপ কৃষি বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রি।<br>খ) সংশিস্নষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার যেকোন একটিতে প্রথম বিভাগ/ সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়সঃ সর্বোচ্চ ৩০ বছর। |
| ০৬ | কম্পিউটার অপারেটর<br>১২৫০০-৩২২৪০/-<br>(গ্রেড-১১) | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>খ) সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণসহ (Microsoft Office XP-MS Word, MS Excel, MS Power Point) বিজয় বাংলা Software সমূহ ব্যবহারের উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) প্রার্থীকে এপ্টিচুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>ঘ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঙ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ০৭ | ল্যাব. টেকনিশিয়ান<br>১২৫০০-৩২২৪০/-<br>(গ্রেড-১১) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (বিজ্ঞান) ডিগ্রি থাকতে হবে অথবা স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হতে কৃষি/মৎস্য/ভেটেরিনারি/প্রকৌশল/সংশিস্নষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপেস্নামাধারী হতে হবে।<br>খ) সংশিস্নষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |

| | | |
|---|---|---|
| ০৮ | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | ক) প্রার্থীকে এইচএসসি পাশ হতে হবে এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণসহ (Microsoft Office XP- MS Word, MS Excel, MS Power Point) বিজয় বাংলা Software সমূহ ব্যবহারের উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) প্রার্থীকে এপ্টিচুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ০৯ | ফটোকপি মেশিন অপারেটর, ৮৮০০-২১৩১০/-(গ্রেড-১৮) | ক) প্রার্থীকে সংশিস্নষ্ট কাজে ০২ বছরের অভিজ্ঞতাসহ এসএসসি/সমমান পাশ হতে হবে।<br>খ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ১০ | ল্যাব. এটেনডেন্ট ৮৫০০-২০৫৭০/-(গ্রেড-১৯) | ক) প্রার্থীকে ২য় বিভাগ/সমমান গ্রেডসহ এসএসসি (বিজ্ঞান)/ সমমান পাশ হতে হবে।<br>খ) সংশিস্নষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>খ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ১১ | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ক) প্রার্থীকে ২য় বিভাগ/সমমান গ্রেডসহ এসএসসি/ সমমান পাশ হতে হবে।<br>খ) সংশিস্নষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>খ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ১২ | মালি ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ক) ৮ম শ্রেণী পাশসহ বাগান পরিচর্যা, গাছ-গাছালি রক্ষণাবেক্ষনে পারদর্শীতা সহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>খ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ১৩ | নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ক) ৮ম শ্রেণী পাশ সহ সুস্বাস্থ্যের অধিকারী এবং উচ্চতা ৫ ফিট ৬ইঞ্চি হতে হবে।<br>খ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ১৪ | পরিচ্ছন্নতা কর্মী ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ক) ৮ম শ্রেণী পাশ। জাত মেথরের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |



ডাঃ খন্দকার মাজহারম্নল আনোয়ার
রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়,খুলনা

# খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

## নিয়োগ প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয় সমূহ

**১। অনলাইনে আবেদনের নিয়মাবলী:**

(ক) আগ্রহী প্রার্থীদের আগামী ১২ এপ্রিল ২০২০ হতে ১০ মে ২০২০ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.kau.edu.bd এ Online Job Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

(খ) আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ সাপেক্ষে আবেদনকারীর জন্য একটি User ID, Password এবং Application ID তৈরি হবে যা আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। উক্ত Application ID টি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে এবং User ID ও Password ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের নিয়োগ ওয়েবসাইটে **Login** করে প্রার্থীর নিজস্ব **Dashboard** এ পরীক্ষার প্রবেশপত্রসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পাওয়া যাবে। উল্লেখ্য যে, Online এর মাধ্যমে সকল তথ্য জানানো হবে।

(গ) প্রার্থীকে রকেট মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী **গ্রেড ৩ থেকে গ্রেড ১০ পর্যন্ত পদের প্রার্থীদের ১০০০/- (এক হাজার)** টাকা (অফেরতযোগ্য) এবং **গ্রেড ১১ থেকে গ্রেড ২০ পর্যন্ত পদের প্রার্থীদের ৬০০/- (ছয়শত) টাকা** (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে।

(ঘ) **আবেদন ফি প্রদানের নিয়মাবলিঃ**

| |
|---|
| **Rocket** মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদনের নির্ধারিত ফি প্রদান করতে হবে। পেমেন্ট করার পদ্ধতি : |
| **Rocket** একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: ডায়াল *৩২২# → "১ ডায়াল করে Bill Pay অপশন সিলেক্ট করুন → নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে "১ ডায়াল করে Self" অপশন সিলেক্ট করুন এবং অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে "২ ডায়াল করে Other" অপশন সিলেক্ট করে Enter Payer Mobile No. এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার টাইপ করুন → খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিল প্রদান করতে "0" ডায়াল করুন → Enter Biller ID. এর স্থলে **'205'** টাইপ করুন → Enter Bill Number এর স্থলে অবশ্যই Application ID No. টি টাইপ করুন → Enter Amount (সংশ্লিষ্ট গ্রেডের পদের জন্য নির্ধারিত ফি প্রদান করুন) → Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর টাইপ করুন → রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে। |

Payment সঠিকভাবে সম্পন্ন হলে আবেদনকারী মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস পাবে অথবা ২৪ ঘন্টা পরে ওয়েবসাইটে (www.kau.edu.bd) Login করে payment status check করা যাবে।

(ঙ) Payment করার পর প্রার্থীকে তার User ID এবং Password ব্যবহার করে Payment স্লিপ সংগ্রহ করতে হবে যাহা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২। **অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড এবং প্রিন্ট** করে **প্রার্থীকে আবেদনপত্রের** সাথে (ক) Payment স্লিপ, (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সকল সনদপত্র ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রতি সেটের সাথে একটি করে), (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং (ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করে নিয়োগ বিজ্ঞপ্তির **গ্রেড ০৩ থেকে গ্রেড ১০** পর্যন্ত **২ (দুই) সেট** এবং গ্রেড **১১ থেকে গ্রেড ২০** পর্যন্ত পর্যন্ত প্রার্থীদেরকে **২ (দুই) সেট** পৃথক আবেদন একটি খামের ভিতর **রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, (অস্থায়ী অফিস: বাড়ি নং-২০০, রোড নং-১২, ১ম ফেইজ, সোনাডাঙ্গা আবাসিক এলাকা, খুলনা-৯১০০), খুলনা** এর অনুকূলে সরাসরি/ডাক যোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। **প্রার্থীত পদের নাম খামের উপর উল্লেখ করতে হবে।** উল্লেখ্য যে, চাহিত আবেদন সেটের মধ্যে একটি সেট সত্যায়িত হতে হবে এবং বাকি একটি সেট সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।

৩। আবেদনপত্র আগামী **১২-০৫-২০২০** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে।

৪। শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।

৫। ৩১-০৩-২০২০ তারিখে প্রার্থীর বয়স আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

৬। জিপিএ/সিজিপিএ -তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/ শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ ইউজিসি কর্তৃক জারিকৃত সংশিস্নষ্ট প্রজ্ঞাপন/ পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, এমন প্রার্থীর আবেদনপত্র বিবেচিত হবে না।

৭। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮। সকল পদে (গ্রেড ০৩ থেকে গ্রেড ১৬পর্যন্ত ) উলেস্নখিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত হিসাবে কম্পিউটার পরিচালনার বিষয়ে দক্ষতা/ অভিজ্ঞতা বাধ্যতামূলক।

৯। চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

**১০।** সহকারী অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেই ক্ষেত্রে যে সকল প্রার্থীর প্রভাষক পদের জন্য উলেস্নখিত যোগ্যতা থাকবে সে সকল প্রার্থীদের সহকারী অধ্যাপক পদের বিপরীতে প্রভাষক পদে ইন্টারভিউ কার্ড প্রদান করা যেতে পারে।

**১১।** অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে সংশিস্নষ্ট বিভাগে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেই ক্ষেত্রে যে সকল প্রার্থীর সহযোগী অধ্যাপক পদের জন্য নির্ধারিত যোগ্যতা থাকবে সে সকল প্রার্থীদের অধ্যাপক পদের বিপরীতে সহযোগী অধ্যাপক পদে ইন্টারভিউ কার্ড প্রদান করা যেতে পারে। তবে, কৃষি সংশিস্নষ্ট সরকারি/স্বায়ত্ত্বশাসিত/ গবেষণা প্রতিষ্ঠানে কর্মরতদের ক্ষেত্রে বয়স সীমা/শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা শিথিল করা যেতে পারে।

১২। অভিজ্ঞতা হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশিস্নষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

১৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা/শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে নিয়োগের ক্ষেত্রে সকল যোগ্যতাপূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।

১৪। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনি হলে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা সনদের (সরকারি নির্দেশ অনুযায়ী উপযক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত) অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১৫। উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশিস্নষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি বিষয়ক সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে সংশিস্নষ্ট প্রতিষ্ঠানের যথোপযুক্ত অফিসার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৬। আবেদনপত্র সমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে এবং প্রার্থীর নিজস্ব **Dashboard** থেকে পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট করতে হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

১৭। নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উর্ত্তীন হতে হবে।

১৮। আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন

করা যাবে না।

১৯। সরকারি নিয়ম অনুযায়ী যাবতায় কোটা সংরক্ষণ করা হবে।

২০। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রম্নটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২১। নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলসহ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩। অন-লাইনে নিয়োগ আবেদন সংক্রান্ত যে কোন বিষয়ে জানার জন্য এই ই-মেইল: bigmsoftpust@gmail.com এ যোগাযোগ করা যাবে।



ডাঃ খন্দকার মাজহারম্নল আনোয়ার
রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা।